কালের কণ্ঠ

তারিখ ... 22 APR 2017
পৃষ্ঠা ২-৩ কলাম ২

হেফাজত আমির বললেন

# কওমি আলেমদের হীনম্মন্যতায় ভোগার দিন শেষ

নিজস্ব প্রতিবেদক ▷

কওমি মাদরাসা শিক্ষা সনদের সরকারি স্বীকৃতির কথা উল্লেখ করে হেফাজতে ইসলামের আমির আল্লামা শাহ আহমদ শফী বলেছেন, কওমি আলেমদের হীনম্মন্যতায় ভোগার দিন শেষ হয়েছে। ছাত্রজীবনের দীর্ঘ সাধনার মাধ্যমে অর্জিত ইলমকে নানা ক্ষেত্রে আরো কাজে লাগানোর সুযোগ তৈরি হয়েছে। গতকাল শুক্রবার চট্টগ্রামের হাটহাজারী মাদরাসার দাওরায়ে হাদিস সমাপনী বর্ষের হাদিস শাস্ত্রের সর্বনির্ভরযোগ্য গ্রন্থ বুখারি শরিফের শেষ ক্লাসের দরসদানের পর আখেরি মোনাজাত ও বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

আহমদ শফী বলেন, একজন ঈমানদার মুসলমান কখনোই অন্যায় ও খারাপ কাজে জড়িত হতে পারে না। আর মুসলমানদের যেকোনো ভালো কাজের ইহ-পরকালীন সফলতার জন্য অবশ্যই নিয়ত ও উদ্দেশ্যকে বিশুদ্ধ করতে হবে এবং নীতি-আদর্শে অবিচল থাকতে হবে।